# জামায়াতের ইফতার মাহফিলে প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ



সংগৃহীত ছবি

জামায়াত তাদের ইফতার মাহফিলে প্রধানমন্ত্রীর উপস্থিতির জন্য আমন্ত্রণ জানিয়েছে। অনুষ্ঠানটি আগামী শনিবার (২৮ ফেব্রুয়ারি) রাজধানীর বাংলাদেশ–চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বুধবার (২৫ ফেব্রুয়ারি) সকালে সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। প্রধানমন্ত্রীর সঙ্গে পরিবারের সদস্যদেরও দাওয়াত দেওয়া হয়েছে। মিয়া গোলাম পরওয়ার জানান, প্রধানমন্ত্রী এই ইফতার মাহফিলে অংশগ্রহণের প্রতি আগ্রহ দেখিয়েছেন। তিনি আরও উল্লেখ করেছেন, গণতান্ত্রিক প্রক্রিয়া ও বিরোধী দলের ভূমিকা সুনিশ্চিত করতে জামায়াত যথাযথ পদক্ষেপ নেবে।

আলোচনার এক পর্যায়ে বিএনপি চেয়ারম্যান তারেক রহমান জামায়াতের আমির ডা. শফিকুর রহমানের অসুস্থতার খবর শুনে মোবাইল ফোনে তার খোঁজখবর নেন।